মুজিবনগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ

মুজিবনগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই বিতরণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে এগারোটার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে বই বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী সংযুক্তের মাধ্যেমে উপস্থিত থেকে দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণের উদ্বোধন করেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তৌফিকুর রহমান, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোবারক হোসেন প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন।

সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা জামে মসজিদের

উদ্বোধন

ঝিনাইদহ সদরের, সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা উত্তর পাড়া জামে মসজিদের উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান জনাব আলাউদ্দিন আল মামুন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি, শেখ মোঃ মোজাম্মেল হোসেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, ত্রিমোহনী চাউল কল মিল মালিক সমিতির সাধারণ সম্পাদক, মোঃ আকতার হোসেন ভান্ডারী, যুগ্ম-সাধারণ সম্পাদক, আরশাদ আলী।

৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মোঃ শাহাদাত হোসেন সদা, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি (ভারপ্রাপ্ত) মোখলেসুর রহমান শিলু, হাজী আনোয়ার হোসেন, হাজী আঃ মান্নান, কাজী শহিদুল ইসলাম, কাজেম আলী মেম্বর, শহিদুল ইসলাম মেম্বর, ফজের আলী মেম্বর, হুসিয়ার রহমান মেম্বর, মিজানুর রহমান মেম্বর, মোঃ ফজলু করিম, আমজাদ হোসেন সরকার, বেদন মিয়া, বাতেন সরকারসহ অত্র এলাকাবাসী।

মসজিদ নির্মাণের জন্য, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, শাহাদাৎ হোসেন সদা ০৬ শতাংশ এবং সিরাজ হোসেন মাস্টার ০৭ শতাংশ জমি দান করেছেন।

এছাড়াও অত্র মসজিদের সভাপতি বেদন মিয়া ০২ টন রড দান করেছেন। সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান, আলাউদ্দিন আল মামুন ১০০ বস্তা সিমেন্ট, বিশিষ্ট ব্যবসায়ী হাজী আঃ মান্নান ৬০ বস্তা সিমেন্ট, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ ৫০ বস্তা সিমেন্ট, মোঃ মনির হোসেন ৫০ বস্তা সিমেন্ট, হাজী আনোয়ার হোসেন আনা ৩০ বস্তা সিমেন্টসহ সর্বমোট ৬৪৭ বস্তা সিমেন্ট দেয়ার ঘোষণা করেছেন উপস্থিত জনতা।
এছাড়াও, আঃ রশিদ মহুরী জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ১ গাড়ি ইট, আমির হোসেন ভান্ডারী ১গাড়ি ইট, হাজী রজ্জত হোসেন ১ গাড়ি ইট দেয়ার ঘোষণা দিয়েছেন।

উপস্থিত জনতা আজকের আলোচনা সভায় সর্বমোট ২,৪৬৫০০/- টাকা, যার

মধ্যে নগদ ৮২,৭০০/- দান করেছেন।

এছাড়াও ঝিনাইদহ ০২ আসনের সংসদ সদস্য তাহজিব আলম সিদ্দিকী (সমি) এম.পি ৩,০০০০০/- তিন লক্ষ টাকা এবং সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আঃ রশিদ উপজেলা পরিষদের বরাদ্দ থেকে ২,০০০০০/- দুই লক্ষ টাকা দেয়ার ঘোষণা দেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

মেহেরপুর হবে শিক্ষা নগরী- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আগামীতে মেহেরপুর হবে শিক্ষা নগরী। শতভাগ শিক্ষিত জেলা হিসেবে বাংলাদেশের মডেল হবে মেহেরপুর। ইতিমধ্যে শিক্ষাকে আরও একধাপ এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের “মুজিবনগর বিশ্ববিদ্যালয়” অনুমোদন দিয়েছেন। এছাড়াও প্রায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানেই দৃষ্টি নন্দন ভবন উপহার দিয়েছেন।

শিক্ষাখাতে আমরা আর পিছিয়ে থাকবো না। ১ জানুয়ারি শুক্রবার ভার্চুয়ালী শিক্ষার্থীদের মাঝে বিনা মূল্যে বই বিতরণ উৎসবে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জন প্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

তিনি আরও বলেন, আমাদের পাশের দেশ ভারত, শুধু মাত্র সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিনা মূল্যে বই দেই। কিন্তু মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আশার পর, সরকারি বেসরকারি, কিন্টার গার্ডেন সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বছরের প্রথম দিনেই বিনামূল্যে বই তুলে দিচ্ছেন। এটা পৃথিবির আর অন্য কোন দেশে এমন নজির নেই। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে বিশ্বের বুকে মাথা উচু করে দাড়াঁতে শিখেছে।

১ জানুয়ারি সকাল ১০ টায় জেলা প্রশাসক মুনসুর আলম খানের সভাপতিত্বে বই বিতরণ উৎসবে উপস্থিত ছিলেন, জেলা মাধ্যমিক শিক্ষা

অফিসার মাহফুজুল হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফজলে রহমান।

এ বছর প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি মিলে মেহেরপুর জেলায় মোট ১২ লাখ ৬৬ হাজার ৯৪ টি বই বিতরণ করা হবে। করোনা পরিস্থিতির কারনে প্রথম দিনে শুধু মাত্র ১টি শ্রেনীর শিক্ষার্থীদের একাংশকে বই তুলে দেওয়া হয়। পর্যায় ক্রমে ১৬৮ টি মাধ্যমিক, কারিগরি, মাদ্রাসা ও ২৮০ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়া হবে।

চুয়াডাঙ্গায় থার্টিফার্স্ট নাইটের অনুষ্ঠানে ২ জনকে কুপিয়ে জখম

চুয়াডাঙ্গায় থার্টিফার্স্ট নাইটের অনুষ্ঠানে দুজনকে কুপিয়ে গুরুতর জখম করা হয়েছে। আহতরা হলেন- ওই এলাকার মৃত আবদুল আজিজের ছেলে পারভেজ (২০) ও টগর হোসেনের ছেলে জিসান হোসেন (১৮)। ঘটনার সঙ্গে জড়িত এক যুবককে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে জেলা শহরের ইসলামপাড়া বটতলায় এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ইংরেজি নববর্ষ উপলক্ষে ইসলামপাড়া বটতলায় পিকনিকের আয়োজন করে স্থানীয় যুবকরা। রাতে বক্সে গান বাজিয়ে চলছিল নাচানাচি। ১০টার দিকে নিজেদের মধ্যে হঠাৎ বাকবিতণ্ডা শুরু হয়।

এ সময় কয়েকজন যুবক ধারালো অস্ত্র দিয়ে পারভেজ ও জিসানকে কুপিয়ে জখম করে। পরে তাদের উদ্ধার করে জেলা সদর হাসপাতালে নেয়া হয়।

সদর থানার ওসি আবু জিহাদ খান বলেন, ‘পিকনিকে নাচানাচির সময় নিজেদের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। রাতেই রাজন নামের এক যুবককে আটক করা হয়েছে।’

গাংনীতে আচরণ বিধি লঙ্ঘন করলেন এমপি ও উপজেলা চেয়ারম্যান

নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন ও গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। তবে উপজেলা পরিষদ চত্ত্বরে এ ধরণের আচরণবিধি লঙ্ঘন করলেও স্থানীয় উপজেলা প্রশাসন এবং নির্বাচনী দায়িত্বে নির্বাহী ম্যাজিষ্ট্রেট কোন ব্যবস্থা নেননি।

গতকাল বৃহস্পতিবার বিকালে গাংনী উপজেলা পরিষদ চত্ত্বরের উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ের সামনে নির্বাচনী মতবিনিময় সভায় অতিথি হিসেবে বক্তব্য দিয়ে এ আচরণ বিধি লঙ্ঘন করেন।

এ ব্যাপারে গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, ঘরোয়া পরিবেশে নেতৃবৃন্দদের নিয়ে মতবিনিমিয় করা হয়েছে। কোন মাইক টাইক ছিলনা। আচরণবিধি যাতে লঙ্ঘন না হয় সেকারণেই ঘরোয়া পরিবেশে এটা করা হয়েছে।

মেহেরপুর-২ আসনের (গাংনী) সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন বলেন, দলের সভাপতি হিসেবে নির্বাচনী ভাবনায় না, কর্মীসভা হিসেবে সেখানে গিয়েছি।

এ উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, বিষয়টি রির্টানিং অফিসার জানেন। তাছাড়া আমরাও নিষেধ করেছি এধরণের আচরণবিধি লঙ্ঘন করে নির্বাচনী মতবিনিময় সভা না করার জন্য।

গাংনী পৌরসভার নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা ও জেলা নির্বাচন কর্মকর্তা আহম্মেদ আলী জানান, জনপ্রতিনিধিরা নির্বাচনী কোন কাজে অংশ নিতে পারেন না। বিষয়টি জানার পর এ বিদায়িতপ্রাপ্ত নির্বাহী ম্যাজিষ্ট্রেটকে বলা হয়েছে, তিনি ব্যবস্থা নেবেন।

গাংনী উপজেলা ভুমি কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর ই আলম সিদ্দিকী জানান, এ বিষয়ে নির্দেশনা পেয়েছি পুলিশ ডাকা হয়েছে।

পুলিশ আসলে অভিযান চালানো হবে। তবে মতবিনিময়সভা যথানিয়মে শেষ হলেও প্রশাসনিক ভাবে কোন ব্যবস্থা নেওয়া হয়নি।

গাংনী আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদের আলীর সভাপতিত্বে বক্তব্য দেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি মকবুল হোসেন, জেলা আ.লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, গাংনী উপজেলা আ.লীগ সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, জেলা কৃষক লীগ সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন, সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ,

সহ সভাপতি নবীর উদ্দীন, যুগ্ম সম্পাদক মজিরুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, পৌর কৃষক লীগ সভাপতি বদরুল আলম, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, উপজেলা ছাত্রলীগের সাবেক আহবায়ক ইসমাইল হোসেন ও সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান সিপু, উপজেলা ছাত্রলীগ সভাপতি আমিনুল ইসলাম সেন্টু ও সাধারণ সম্পাদক আসিফ ইকবাল প্রমুখ।

কালীগঞ্জে ক্যারাভান রোড শো উদ্ভোধন

‘জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য’ এই স্লোগানে মুজিব বর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে কালীগঞ্জ উপজেলায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক “ক্যারাভান রোড শো” এর আয়োজন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে কালীগঞ্জ উপজেলা চত্বর থেকে ‘ক্যারাভান রোড শো’ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার এবং ক্যারাভান শো উদ্ভোধন করেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়াও কালীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিক, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা, ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর প্রতিনিধিসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ এবং অন্যান্য অতিথি ও মিডিয়া কর্মীগণ উপস্থিত ছিলেন।

এসময় উপস্থিত জনসাধারণের মাঝে আনোয়ারুল আজীম আনার ও জেলা প্রশাসক সরোজ কুমার বিনামূল্যে মাস্ক বিতরণ করেন।

ক্যারাভান বাহনটি কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় গিয়ে নিরাপদ খাদ্য সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষে প্রামাণ্য চিত্র প্রদর্শন ও লিফলেট বিতরণ করবে।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলা প্রশাসন দুটি মাদ্রাসায় কম্বল বিতরণ করেছে। জানা যায়, গতকাল বিকালে উপজেলা সদরের দুটি এতিমখানা-মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত কম্বল বিতরণ করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

দামুড়হুদা দারুস সুন্নাহ ইসলামিয়া মাদ্রাসা ও তাফসী রাঃ এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত কম্বল বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা দারুস সুন্নাহ ইসলামিয়া মাদ্রাসার সভাপতি হাজী মোফাজ্জেল হোসেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের টেকনিশিয়ান খাইরুল কবির দিনার, অফিস সহায়ক রফিকুল ইসলাম ও দৈনিক মাথাভাঙ্গার মিরাজুল ইসলাম মিরাজসহ মাদ্রাসা-এতিমখানার শিক্ষকবৃন্দ।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় পিরোজপুরে আনন্দ মিছিল

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি কে ধন্যবাদ জ্ঞাপন করে পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগ ও যুবলীগ একটি আনন্দ মিছিল ও সমাবেশ করেছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলের দিকে এ উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর বাজারে একটি আনন্দ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

পিরোজপুর ইউনিয়নের তিন তিনবার সফল চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের সভাপতিত্বে একটি মিছিল বের করা হয়। মিছিলটি গ্রামের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয় পরে একটি সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী, যাদুখালি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান টিপু, জেলা পরিষদের সদস্য রফিকুল ইসলাম, পিরোজপুর দাখিল মাদ্রাসার সুপার আসাদুজ্জামান আসাদ, ইউনিয়ন যুবলীগ সভাপতি ইস্কান্দার বিপ্লব, ইউপি সদস্য আনারুল ইসলাম, হিমাদুল, মুর্শিদকুলি মেগা, সফর আলী, গোলাম কিবরিয়া, বাহারুল, লালন ও স্থানীয় নেতৃবৃন্দ।

জীবননগরে অজ্ঞান পার্টির

খপ্পরে তিন ব্যাপারীর লক্ষাধিক টাকা খোয়া

জীবননগর শিয়ালমারী পশুহাটে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নগদ লক্ষাধিক টাকা খোয়ালেন তিন ছাগল ব্যাপারী।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২টার সময় কালীগঞ্জ থেকে ছাগল কেনার জন্য জীবননগর উপজেলার শিয়ালমারী পশুহাটে আসার পথে বাসের মধ্যে পেয়ারার সাথে চেতনানাশক ঔষধ মিশিয়ে অজ্ঞান করে তাদের নিকট থাকা নগদ লক্ষাধিক টাকা ছিনিয়ে নিয়ে চলে যায়।

এ সময় তাদের অচেতন অবস্থায় বাসের হেলপার চিকিৎসার জন্য উথলীতে নামিয়ে দেন। পরে স্থানীয় ব্যবসায়ীরা প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের কাছে থাকা মোবাইল ফোন দিয়ে পরিবারের লোকজনের কাছে হস্তান্ত করেন ।

অজ্ঞান পার্টির খপ্পরে পড়া তিন ছাগল ব্যাপারী হলেন ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার মল্লিক পুর গ্রামের অপুর্ব, লক্ষণ ও জয়দেব ।

দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলায় স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেড এর যৌথ উদ্যোগে অসহায় হতদরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার সময় দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদ চত্বরে এই শীত বস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে অতিথিদের ফুলেল শুভেচ্ছা প্রদান করেন স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেডের কর্মকর্তারা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ৬ নম্বর

ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান বাবলু। প্রধান অতিথি হিসেবে শীতবস্ত্র বিতরণ করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ জিয়াউল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগান্তর ও মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ ফরিদ হোসেন, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি মো: হানিফ মন্ডল, স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেডের কর্মকর্তা সুচরিত সুলতনা, শাকিল আহমেদ, তানিয় প্রমুখ।

অনুষ্ঠানে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের অসহায় হতদরিদ্র ৪ শত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।